

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

## অফিস আদেশ

বিষয় : খালাস পর্যায়ে আমদানিকৃত কাঁচাতুলার চালান উদ্ভিদ সংগনিরোধ (Plant Quarantine) ছাড়পত্র প্রদান সাপেক্ষে ছাড়করণ।

- সূত্র : (১) উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, চট্টগ্রাম এর স্মারক নং- ২৪০/১(৭), তারিখ-০৩/০৫/১৭।  
(২) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ঢাকা এর পত্র নং- বিটিএমএ.৫৯৯.১০৪৩, তারিখ- ২৪/০৮/১৭।  
(৩) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ঢাকা এর পত্র নং- বিটিএমএ.৫৯৩.১০৫৫, তারিখ- ২৪/১০/১৭।  
(৪) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ঢাকা এর পত্র নং- বিটিএমএ.৫৯৯.১১৪৪, তারিখ- ২২/১১/১৭।  
(৫) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ঢাকা এর পত্র নং- বিটিএমএ.৫৯৯.১২৩৩, তারিখ- ১৯/১২/১৭।  
(৬) এ দপ্তরের পত্র নথি নং- এস২-৩৪/বিবিধ/সেকশন-৪/২০১৭-২০১৮/১৩৫৮৯ কাস, তারিখ- ১৬/১১/১৭।  
(৭) এ দপ্তরের পত্র নথি নং- এস২-৩৪/বিবিধ/সেকশন-৪/২০১৭-২০১৮/৫৭১ কাস, তারিখ- ০৭/০১/১৮।



উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র চট্টগ্রাম এর সূত্রীয় পত্রের ক্রমিক নং- ০১ এর মাধ্যমে সকল উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের উদ্ভিদ সংগনিরোধ ছাড় পত্রের মূল কপি প্রাপ্তির সাপেক্ষে সংশ্লিষ্ট পণ্যের এ্যাসেসমেন্ট করণের জন্য অনুরোধ করা হয়। কাস্টম হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে আমদানিকৃত উদ্ভিদজাত পণ্যের মধ্যে Raw Cottonও অন্তর্ভুক্ত।
- ৩। এতদবিষয়ে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ঢাকা এর সূত্রীয় পত্রের ক্রমিক নং- (২), (৩), (৪) ও (৫) এর মাধ্যমে উল্লেখ করেন যে, তৈরী পোশাক রপ্তানিতে Lead Time অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এছাড়া Cost Of Doing Business, শিল্প কারখানায় উৎপাদনশীলতা বৃদ্ধি ও দক্ষ পরিচালনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ Factor। Raw Cotton সহজে ও দ্রুততার সহিত খালাস প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় কোনো কোনো ক্ষেত্রে মিলগুলোর নিরবিচ্ছিন্ন উৎপাদন ব্যাহত হচ্ছে। এর প্রেক্ষিতে Lead Time এর মধ্যে মিলগুলো তৈরী পোশাক কারখানায় ইয়ার্ন ও ফেব্রিক সরবরাহ করতে না পারার কারণে তাদের Export Delay হচ্ছে। এ বিষয়ে এই দপ্তর হতে সূত্রীয় পত্রের ক্রমিক নং- (৬) এবং (৭) এর মাধ্যমে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, চট্টগ্রাম এর মতামত চাওয়া হলে কোন জবাব পাওয়া যায়নি।
- ৪। এমতাবস্থায়, টেক্সটাইল স্পিনিং মিলস্ কর্তৃক আমদানিকৃত Duty Free Industrial Raw Material তথা Raw Cotton খালাসে বর্তমান জটিলতা দূরীকরণের লক্ষ্যে উদ্ভিদ সংগনিরোধ (Plant Quarantine) ছাড়পত্র ব্যতিরেকে নিম্নলিখিত শর্তে পণ্য (Raw Cotton) শুদ্ধায়ন করার জন্য অফিস আদেশ জারী করা হলো :  
(ক) আমদানিকৃত Industrial Raw Materials, Raw Cotton এর শুদ্ধায়ন উদ্ভিদ সংগনিরোধ ছাড়পত্র ব্যতিরেকে শুদ্ধায়ন করা যাবে,  
(খ) খালাস পর্যায়ে (অর্থাৎ চালান খালাসের পূর্বে) উদ্ভিদ সংগনিরোধ ছাড়পত্র জমাদান পূর্বক পণ্য চালান ছাড়যোগ্য,  
(গ) ছাড়পত্র জমাদানের বিষয়টি আমদানিকারক/আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্ট নিশ্চিত করবেন।
- ৫। খালাস পর্যায়ে সংশ্লিষ্ট ডিপো কর্মকর্তা (আরও/এআরও) এবং জেটির ক্ষেত্রে সংশ্লিষ্ট আনস্টাফিং কর্মকর্তা উদ্ভিদ সংগনিরোধ ছাড়পত্র সঠিকভাবে প্রাপ্তি সাপেক্ষে চালান ছাড়যোগ্য হবে। এক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত/প্রমাণিত হলে সংশ্লিষ্ট আমদানিকারক এবং তার মনোনীত সিএন্ডএফ এজেন্ট এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষর:

(ড. এ কে এম নুরজ্জামান)  
কমিশনার অব কাস্টমস  
কাস্টম হাউস, চট্টগ্রাম।  
ফোন নং-০৩১-৭১৩৯১৮  
তারিখ- ২৬/১১/১৮

নথি নং- এস২-৩৪/বিবিধ/সেকশন-৪/১৭-১৮

*[Handwritten Signature]*

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়) :

- ১। উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম।
- ২। এডিশনাল কমিশনার- ১/২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৩। জয়েন্ট কমিশনার- ১/২/৩/৪, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৪। ডেপুটি / এ্যাসিস্ট্যান্ট কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৫। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৬। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৭। পিএ টি কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সূত্রাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাহুপথ কাওরান বাজার, ঢাকা।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং কাস্টমস সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার ১৪ তলা, ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ১০। সকল ডিপো।
- ১১। অফিস কপি।

*[Handwritten Signature]*  
(কামনাশীঘ)  
ডেপুটি কমিশনার অব কাস্টমস